

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ মে ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুস সামাদ
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
তারিখ : ২৬-০৬-২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয়) গত ১৬-০৫-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সকল দপ্তর/সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থিত কর্মকর্তাগণ সভায় তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	অনির্পন্ন বিষয়াদি	<p>(১) বিআইডব্লিউটিএ :</p> <p>(ক) চাঁদপুর নদী বন্দরের ফোরশোর সীমানা নির্ধারণ ও জমি হস্তান্তর</p> <p>চাঁদপুর নদী বন্দরের ফোরশোর সীমানা নির্ধারণ বিষয়ে অর্থাৎ চাঁদপুর নদী বন্দরের কতটুকু তীরভূমি বিআইডব্লিউটিএ'র নিকট হস্তান্তরের প্রয়োজন হবে এ বিষয়ে যুগ্মসচিব (টিএ) এর নেতৃত্বে গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শন করে তার প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনে ৮৫.২৬৫৪ একর তীরভূমি বিআইডব্লিউটিএ'র নিকট হস্তান্তরের সুপারিশ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্বশেষ ২০-০৭-২০১৮ তারিখে জেলা প্রশাসক, চাঁদপুরকে অনুরোধ জানানো হয় এবং বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p>(খ) কক্সবাজার নদী বন্দরের তীরভূমি বিআইডব্লিউটিএ-এর নিকট হস্তান্তর</p> <p>এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১২-০৭-২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য গত ২৭-০৭-২০১৭ তারিখে ভূমি মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ এবং</p>	<p>(ক) এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং বিআইডব্লিউটিএ হতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখবেন এবং সার্বিক সহযোগিতার মাধ্যমে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(খ) যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয় জেলা প্রশাসক, কক্সবাজার এর সাথে যোগাযোগ রেখে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। বিআইডব্লিউটিএ-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণও বিষয়টি নিষ্পত্তির জন্য নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখবেন।</p>

জেলা প্রশাসক, কক্সবাজারকে পত্র দেয়া হয়েছে। ২২-১১-২০১৭ তারিখে কক্সবাজার নদী বন্দরের তীরভূমি বিআইডব্লিউটিএ'র অনুকূলে হস্তান্তরের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়েছে এবং ০৪-০১-২০১৮ তারিখে তাগিদপত্র প্রদান করা হয়েছে। এছাড়াও এ বিষয়ে জরিপ কাজ ও টেবিল ওয়ার্ক সম্পন্ন করা হচ্ছে মর্মে সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন।

(২) বিআইডব্লিউটিসি :

(ক) বিআইডব্লিউটিসি কর্তৃক পরিচালিত ফেরিগুলোতে বাড়তি জ্বালানী খরচ বাবদ ০৬ কোটি টাকা অতিরিক্ত ব্যয় শিরোনামে প্রকাশিত দৈনিক যুগান্তরের সংবাদের প্রেক্ষিতে তদন্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

বিআইডব্লিউটিসি কর্তৃক ফেরিতে ০৮ মাসে বাড়তি জ্বালানী খরচ সাড়ে ০৬ (ছয়) কোটি টাকা শিরোনামে দৈনিক যুগান্তর পত্রিকায় গত ১১.০৭.২০১১ তারিখে প্রকাশিত সংবাদের বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক ২৪-০৪-২০১২ তারিখে গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআইডব্লিউটিসিকে অনুরোধ করা হয় এবং বিআইডব্লিউটিসি হতে ০২-০৩-২০১৭ তারিখে জবাব পাওয়া যায়। বিআইডব্লিউটিসি'র জবাব সন্তোষজনক না হওয়ায় মন্ত্রণালয় হতে ২৮-০৩-২০১৭ তারিখে জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব-কে আহ্বায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কিন্তু তদন্ত প্রতিবেদন এখনো পাওয়া যায়নি। তদন্ত কমিটির আহ্বায়ককে একটি পূর্ণাঙ্গ রিপোর্ট দাখিলের জন্য গত ২১-০৯-২০১৭, ৩১-০১-২০১৮ তারিখে তাগিদপত্র প্রদান করা হয়েছে। গত ০৭-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় জনাব অনল চন্দ্র দাস যুগ্মসচিব-কে আহ্বায়ক করে তদন্ত কমিটি পুনর্গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

খ) সদরঘাট হতে সেন্টমার্টিন রুটে পর্যটকদের সেবায় সি-কুজ চালুর উদ্যোগ গ্রহণঃ

সভায় এ ব্যাপারে প্রতিনিধি, বিআইডব্লিউটিসি জানায় সদরঘাট হতে সেন্টমার্টিন রুটে সরকারি বা বেসরকারি উদ্যোগে সি-কুজ চালুর বিষয়ে একটি সভা করা হয়েছে। প্রসঙ্গক্রমে সভাপতি সভাকে জানায় যে, সভার মাধ্যমে বিষয়টি নিয়ে বেসরকারি উদ্যোগতাগণকে এ বিষয়ে বিনিয়োগের চেষ্টা করা হচ্ছে। নিজস্ব জাহাজের পাশাপাশি বেসরকারি জাহাজের মাধ্যমে ঢাকা-

(ক) অতিরিক্ত তেল খরচের এ ধরনের বিষয়গুলো কঠোরভাবে মোকাবেলা করার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। জ্বালানী ব্যবহারে নজরদারি এবং স্বচ্ছতা নিয়ে আসতে হবে। গোয়ালন্দ, পাটুরিয়া ও দৌলতদিয়া ঘাট এর দিকে নজরদারিতা বাড়াতে হবে। এ সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন জরুরীভিত্তিতে দাখিল করতে হবে।

(খ) বিআইডব্লিউটিসি আগামী নভেম্বর-ডিসেম্বর মাসের মধ্যে ঢাকা-সেন্টমার্টিন, খুলনা-সেন্টমার্টিন, বরিশাল-চট্টগ্রাম-কক্সবাজার-সেন্টমার্টিন রুটে সি-কুজ বা পর্যটন আর্কষণ জাহাজ চালুর বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিআইডব্লিউটিসি ও নৌপরিবহন অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করবে।

